১৩০

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 29 JUN 1995

পৃষ্ঠা 2 কলাম ৬


# এইচএসসি পরীক্ষায় ভিজিল্যান্স টিম গঠনের নির্দেশ

শিক্ষা সচিব ইরশাদুল হক এইচএসসি পরীক্ষায় কোন কলেজের সকল শিক্ষককে অন্য কলেজের দায়িত্ব না দিয়ে স্বল্পসংখ্যক শিক্ষকের সমন্বয়ে ভিজিল্যান্স টিম গঠনের নির্দেশ দিয়েছেন। বুধবার বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ সচিবের সঙ্গে সাক্ষাত করলে তিনি এই নির্দেশ দেন।

শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বিবৃতিতে উল্লেখ করেন, ৬ জুলাই থেকে দেশের চারটি বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য এই পরীক্ষায় শিক্ষকদের নিজ কলেজ ছাড়া অন্য কলেজের দায়িত্ব না দেয়ার ব্যাপারে সচিবের কাছে অনুরোধ জানান। একই সঙ্গে দায়িত্ব পালনকারী শিক্ষকদের যথোপযুক্ত মর্যাদা, সুযোগ-সুবিধা দেয়া এবং নিরাপত্তা বিধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ারও আহ্বান জানান।

সচিব নেতৃবৃন্দের কথা শুনে তাৎক্ষণিকভাবে এই নির্দেশ প্রদান করেন। তিনি শিক্ষকদের প্রাপ্য সকল সুবিধা, মর্যাদা ও নিরাপত্তা বিধানের আশ্বাস দেন। সমিতির সাধারণ সম্পাদক কাজী ফারুক আহমেদের নেতৃত্বে অধ্যাপক মোঃ মনিরুজ্জামান, মোঃ রহমতউল্লাহ, খলিলুর রহমান ও মোজাম্মেল হক শিক্ষা সচিবের সঙ্গে দেখা করেন।